



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৭ম তলা)
কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.irespw-brdb.gov.bd/Fax-8189029

স্মারক নংঃ - ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩- ২১৬৪৬


তারিখঃ ২৩/৩/২০১৫ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ প্রকল্পের মাইক্রো-ফাইন্যান্স এমআইএস সফটওয়্যারে এন্ট্রি দেয়ার জন্য যাবতীয় হিসাব হালনাগাদ করণ।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাবীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পে (সংশোধিত)” আরও অধিকতর স্বচ্ছতা, জবাবদিহিতা ও গতিশীলতা আনয়ন কল্পে প্রকল্প কার্যক্রম অটোমেশনের মাধ্যমে বাস্তবায়ন করতে মাইক্রো-ফাইন্যান্স এমআইএস সফটওয়্যার প্রবর্তনের কাজ হাতে নেয়া হয়েছে; যার মাধ্যমে প্রকল্পভুক্ত জেলা ও উপজেলা পর্যায়ে সকল কার্যক্রম (ঋণ বিতরণ, আদায়, সমিতি গঠন, প্রশিক্ষণ, কিস্তি খেলাপী, মেয়াদোত্তীর্ণ খেলাপী ইত্যাদি) সহজে ও নির্ভুল ভাবে সম্পাদন এবং মনিটরিং করা সম্ভব হবে। ইতোমধ্যে এ সংক্রান্ত চুক্তি সম্পাদিত হয়েছে। অতি স্বল্প সময়ের মধ্যেই মাইক্রো-ফাইন্যান্স এমআইএস সফটওয়্যার বাস্তবায়নের কার্যক্রম শুরু করা হবে। এক্ষেত্রে উপজেলায় সদস্যওয়ারী সঞ্চয় ও ঋণ কার্যক্রমসহ প্রকল্প কার্যক্রমের যাবতীয় তথ্য সফটওয়্যারে এন্ট্রি প্রদান পূর্বক অটোমেশন কাজ শুরু করার লক্ষ্যে উপজেলা পর্যায়ে প্রকল্পের যাবতীয় হিসাব হালনাগাদ রাখা একান্ত আবশ্যিক।

এমতাবস্থায়, উপজেলা পর্যায়ে সদস্যওয়ারী সঞ্চয় ও ঋণ কার্যক্রমের তথ্যসহ প্রকল্পের যাবতীয় হিসাব হালনাগাদ সংরক্ষণের জন্য বলা হলো।

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
উপজেলা-----জেলা-----।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক(ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৪

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা-----।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪. সহকারী পল্লী উন্নয়ন অফিসার (ইরেসপো), উপজেলা-----জেলা-----।
৫. অফিস কপি।